দৈনিক বাংলা

তারিখ 06 FEB 1994
পৃষ্ঠা ৭ কলাম ৩

139

# পরীক্ষার ফী বেশী আদায়ের অভিযোগ

নিজস্ব সংবাদদাতাঃ টাঙ্গাইল ৫ ফেব্রুয়ারী।– টাঙ্গাইলসহ সারা দেশে এস এস সি পরীক্ষার ফী ৩ গুণ আদায় করা হচ্ছে। ফরম পূরণে বোর্ডের নির্ধারিত সময় পার হয়ে যাওয়ার পর অতিরিক্ত টাকা আদায়ের হিড়িক পড়েছে।

গত ডিসেম্বর মাসের ১৮ তারিখ থেকে এস এস সি পরীক্ষার ফরম পূরণ শুরু হয়েছে। স্বাভাবিক নিয়মে ৮ জানুয়ারী ছিল ফরম পূরণের শেষ দিন। এরই মধ্যে দেশের প্রায় সকল মাধ্যমিক স্কুলই ফরম পূরণের ব্যাপারে মোটা অংকের টাকা হাতিয়ে নিয়েছে। অতীতের সকল রেকর্ড ভঙ্গ করে এবার গলাকাটা ফী আদায় করা হয়েছে।

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড এস এস সি পরীক্ষার জন্য মানবিক বিভাগে ৪শ' ১০ টাকা, বিজ্ঞান বিভাগে ৫শ' ৫ টাকা এবং বাণিজ্য বিভাগে ৪শ' ৯০ টাকা ফী ধার্য করে দিয়েছে। কিন্তু স্কুলগুলো বিশেষ করে বেসরকারী স্কুল সেশন চার্জ, উন্নয়ন ফী, অনুষ্ঠিতব্য পরীক্ষার ৬ মাসের কোচিং ফী, ৬ মাসের বেতন, ইমপ্রুভমেন্ট পরীক্ষার ফী, যাতায়াত, খেলাধুলা, বিদায় সংবর্ধনা, মিলাদসহ নানারকম ফীসহ ১৮শ' থেকে ৩ হাজার টাকাও আদায় করেছে। ফরম ফিলাপে বোর্ডের নির্ধারিত সময় পার হয়ে যাওয়ায় এখন এই ফীর পরিমাণ আরো বেশী নেওয়া হচ্ছে।

এ সকল ফী আদায়ের ক্ষেত্রে পাকা রসিদ দেওয়া হচ্ছে না। অধিকাংশ স্কুলই শুধু মাত্র বোর্ড ফীর টাকার রসিদই দিচ্ছে। ফরম পূরণের সময় ৬ মাসের কোচিং ফী নেওয়া হলেও প্রকৃত পক্ষে কোন স্কুলই নিয়মিত ২ মাসের বেশী কোচিং করায় না। কোন ছাত্র–ছাত্রী বা অভিভাবক এই অতিরিক্ত ফী না দিতে চাইলে তাকে নানা রকম ঝামেলায় পড়তে হয়। এই ফী আদায়ের জন্য নির্বাচনী পরীক্ষায় যে সকল ছাত্র–ছাত্রী ফেল করে তাদেরও পাস দিয়ে দেওয়া হয়।